

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত ও ইমামতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (৬) জামা'আত আরম্ভ করার সময় মুক্তাদীদেরকে কাতার সোজা করার কথা না বলা
- (৬) জামা'আত আরম্ভ করার সময় মুক্তাদীদেরকে কাতার সোজা করার কথা না বলা :

অনেক মসজিদে ইকামত শেষ না হতেই ইমাম ছালাত শুরু করেন। অথচ ইকামতের জবাব দেওয়া সুন্নাত[1], তেমনি মুক্তাদীদেরকে কাতার সোজা করতে বলা অপরিহার্য। ইমামের উক্ত আচরণ রাসূল (ছাঃ)-কে হেয় প্রতিপন্ন করার শামিল। কারণ ইমামের উপর গুরু দায়িত্ব হল, ইকামত শেষ হওয়ার পর মুছল্ল ীদেরকে কাতার সোজা করার জন্য হুশিয়ার করা। তারপর ছালাত শুরু করা।

عَن أَنَسٍ قَالَ أُقِيْمَتِ الصَّلَاةُ فَأَقْبَلَ عَلَيْنَا رَسُوْلُ اللهِ بِوَجْهِهِ فَقَالَ أَقِيْمُوْا صُفُوْفَكُمْ وَتَرَاصُوْا فَإِنِّيْ أَرَاكُمْ مِنْ وَرَاءِ ظَهْرِيْ.

আনাস (রাঃ) বলেন, যখন ইকামত দেয়া হত, তখন রাসূল (ছাঃ) আমাদের দিকে মুখ করতেন। অতঃপর বলতেন, তোমরা কাতার সোজা কর এবং সীসা ঢালা প্রাচীরের ন্যায় দাঁড়াও। নিশ্চয় আমি আমার পিছন থেকে তোমাদেরকে দেখতে পাই।[2]

عَنِ الْبَرَاءِ بْنِ عَارِبِ قَالَ كَانَ رَسُوْلُ اللهِ يَتَخَلَّلُ الصَّفَّ مِنْ نَاحِيَةٍ إِلَى نَاحِيَةٍ يِمْسَحُ صَدُوْرَنَا وَمَنَاكِبَنَا وَيَقُوْلُ لاَ تَخْتَلِفُوْا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ وَكَانَ يَقُوْلُ إِنَّ اللهَ وَمَلاَئِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى الصَّفُوْفِ الأُولِ.

বারা ইবনু আযেব (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) কাতারের এক প্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত বরাবর করতেন। তিনি আমাদের বুক ও কাঁধ স্পর্শ করতেন এবং বলতেন, তোমরা পৃথক পৃথক হয়ে দাঁড়াইয়ো না। অন্যথা তোমাদের অন্তরসমূহ বিচ্ছিন্ন হয়ে যাবে। তিনি আরো বলতেন, নিশ্চয়ই আল্লাহ এবং ফেরেশতাগণ প্রথম কাতারের মুছল্লীদের উপর রহমত নাযিল করেন।[3]

সুধী পাঠক! রাসূল (ছাঃ) যদি উক্ত দায়িত্ব পালন করতে পারেন, তবে কি বর্তমান যুগের ইমামগণ পারবেন না? এই সমস্ত ইমামগণ কি রাসূল (ছাঃ)-এর চেয়ে বেশী মর্যাদাবান? (নাউযুবিল্লাহ)। বর্তমানে ইমামগণ প্রত্যেক ওয়াক্তে মোবাইল সম্পর্কে সতর্ক করতে পারেন, কিন্তু কাতার সোজা করতে বলতে পারেন না।

ফুটনোট

- [1]. মুসলিম হা/৮৭৫, ১/১৬৬ পৃঃ; মিশকাত হা/৬৫৭ ও ৬৭০-এর টীকা দ্রঃ ১/২১২ পৃঃ।
- [2]. ছহীহ বুখারী হা/৭১৯, ১ম খন্ড, পৃঃ ১০০, (ইফাবা হা/৬৮৪, ২/৯৩ পৃঃ); মিশকাত হা/১০৮৬।



[3]. আবুদাউদ হা/৬৬৪, ১ম খন্ড, পৃঃ ৯৭, সনদ ছহীহ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1890

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন